# ভূমিকা/সারসংক্ষেপ

স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯-এ পৌরসভা'র ভূমিকা ও প্রধান দায়দায়িত্বগুলি বর্ণিত হয়েছে (তৃতীয় ভাগে, দ্বিতীয় অধ্যায়, অনুচ্ছেদ ৫০)। এখানে উল্লেখ করা হয়েছে যে, পৌরসভার মূল দায়িত্ব ও কার্যাবলী হলো এই আইন এবং অন্যান্য আইনের দ্বারা প্রতিষ্ঠিত বিধান অনুসারে ইহার আওতাধীন এলাকাভুক্ত নাগরিকগণের সকল প্রকার নাগরিক সুবিধা প্রদান করা, যার মধ্যে স্যানিটেশন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা অন্যতম। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রকাশিত 'পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা প্রাতিষ্ঠানিক এবং আইনি কাঠামো ২০১৭' পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে পৌরসভার দায়িত্ব সুনির্দিষ্ট করেছে। উল্লেখিত আইনে ইহার উদ্দেশ্য পূরণকল্পে পৌরসভাকে অষ্টম তফসিলে বর্ণিত যে কোন অথবা সকল বিষয়ে এবং প্রাসঙ্গিক ও পরিপূরক সকল বিষয়ে উপ-আইন তৈরী করার জন্য ক্ষমতা প্রদান করা হয়েছে (৫ম ভাগ, দ্বিতীয় অধ্যায়, অনুচ্ছেদ ১২২)।

বর্তমানে স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯-এর আওতায় সরকার কর্তৃক জারিকৃত স্যানিটেশন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কিত কোন বিধি নাই। তবে স্থানীয় সরকার বিভাগ সময়ে সময়ে এ আইনের আওতায় স্যানিটেশন ব্যবস্থা বাস্তবায়নের জন্য বিভিন্ন পরিপত্র বা নির্দেশিকা জারি করেছে, যার মধ্যে পৌরসভা আদর্শ কর তফসিল'২০১৪, উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভূত পৌরসভার অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণ সম্পর্কিত নির্দেশিকা' ২০১৭; সেপটিক ট্যাংক পরিষ্কারকরণ ও ব্যবস্থাপনায় অনাকাঙ্খিত দুর্ঘটনা প্রতিরোধ করে নিয়োজিত শ্রমিকদের জানমাল রক্ষাকরণ সংক্রান্ত পরিপত্র' ২০১৭ এবং পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা প্রাতিষ্ঠানিক এবং আইনি কাঠামো' ২০১৭ অন্যতম। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রকাশিত পৌরসভা পানি সরবরাহ আদর্শ উপ-আইন' ১৯৯৯ থাকলেও **স্যানিটেশন সংক্রান্ত কোন আদর্শ উপ-আইন নাই**।

দেশের চাহিদা অনুসারে স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ ও সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র ও নির্দেশিকার আওতায় স্যানিটেশন উপ-আইন ২০২৪ প্রণয়ন করা হল। এক্ষেত্রে কুষ্টিয়া পৌরসভা কর্তৃক প্রণীত স্যানিটেশন উপ-আইনের খসড়ার সহায়তা নেয়া হয়েছে।

## পৌরসভা স্যানিটেশন উপ-আইন
## ------- পৌরসভা, -------
## প্রজ্ঞাপন
## তারিখ : ------- ২০২৪

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, (২০০৯ সনের ৫৮নং আইন) এর ধারা ১২২ এর প্রদত্ত ক্ষমতাবলে ------- পৌরসভা নিম্নরূপ উপ-আইন প্রণয়ন করিল, যথা:

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রথম অধ্যায় প্রারম্ভিক প্রবর্তন।**–(১) এই উপ-আইন ------- পৌরসভা স্যানিটেশন উপ-আইন, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা ------- পৌরসভা বিজ্ঞপ্তি দ্বারা যে তারিখে নির্ধারণ করিবে সেই তারিখে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।**– বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই উপ-আইনে।-

(ক) 'পৌরসভা' অর্থ ------- পৌরসভা;

(খ) 'ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা' অর্থ এই উপ-আইনের অধীন কার্য-সম্পাদনের জন্য পৌরসভা কর্তৃক ক্ষমতা প্রাপ্ত পৌরসভার কোনো কর্মকর্তা;

(গ) 'পয়ঃবর্জ্য অপসারণ' (desludging) অর্থ পৌরসভার প্রশিক্ষিত স্যানিটেশন কর্মী বা নিবন্ধিত অপারেটর দ্বারা কোন ভবনের স্যানিটেশন ব্যবস্থা হইতে যে প্রক্রিয়ার মাধ্যমে সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন বা বর্জ্য পানি শোধনাগার হইতে জমাকৃত বর্জ্য বা পয়ঃবর্জ্য (sludge/septage) পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে অপসারণ বা স্থানান্তর বা ফেলা (disposal) হয়;

(ঘ) 'তরল বর্জ্য' অর্থ কোনো অনসাইট স্যানিটেশন ব্যবস্থা বা সেপটেজ হইতে পৃথকীকৃত তরল বর্জ্য যাহা স্রোতধারা রূপে প্রবাহিত হয়;

(ঙ) 'পয়ঃবর্জ্য' (faecal sludge) অর্থ অনসাইট স্যানিটেশন ব্যবস্থায় অপসারণযোগ্য জমাকৃত পয়ঃবর্জ্য বা পয়ঃবর্জ্য সংশ্লিষ্ট কোনো বস্তু, এবং উক্ত উদ্দেশ্যে সেপটেজ ও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(চ) 'ব্যক্তি' অর্থে কোনো একক ব্যক্তি, কোম্পানি, সংস্থা, এজেন্সি, সমিতি বা প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে;

(ছ) 'অপারেটর' অর্থ পয়ঃবর্জ্য অপসারণ, পরিবহন বা পরিশোধন কাজে নিয়োজিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(জ) 'সেপটেজ' অর্থ কোনো সেপটিক ট্যাংক বা পিট হইতে অপসারণ যোগ্য তরল পয়ঃবর্জ্য;

(ঝ) 'পরিবহন' অর্থ পৌরসভা বা অপারেটর কর্তৃক অনুমোদিত ভ্যাকুটাগ বা অন্য কোনো পয়ঃবর্জ্য পরিবহন যান দ্বারা পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য পরিবহন;

(ঞ) 'লাইসেন্সকৃত অপারেটর' অর্থ পৌরসভা কর্তৃক পয়ঃবর্জ্য অপসারণ, নির্ধারিত স্থানে পরিবহন ও অপসারণ কাজে নিয়োজিত লাইসেন্সকৃত ব্যক্তি বা অপারেটর;

(ট) 'লাইসেন্স' অর্থ পৌরসভা বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত পৌরসভার কোনো কর্মকর্তা কর্তৃক পয়ঃবর্জ্য এবং সেপটেজ ব্যবস্থাপনা সংক্রান্ত যে কোন ধরনের সেবা প্রদানের কাজে প্রদত্ত লাইসেন্স;

(ঠ) 'পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা' অর্থ পৌরসভা এলাকায় পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ, পরিবহন ও পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য অপসারণ, স্থানান্তর বা ফেলা সংক্রান্ত প্রদত্ত সেবা:

(ড) 'বস্তি' অর্থ পাঁচ (৫) বা ততোধিত গুচ্ছ খানা যাহা বিক্ষিপ্তভাবে অস্বাস্থ্যকর পরিবেশে সরকারি, আধা-সরকারি বা ব্যক্তি মালিকানাধীন খালি জমিতে গড়ে উঠে।

(ন) 'অনসাইট স্যানিটেশন ব্যবস্থা' অর্থ স্যানিটেশন অবকাঠামো এমন হোল্ডিং চত্বর থেকে মানুষের পয়ঃবর্জ্য সংগ্রহ, মজুত এবং অপসারণ করার জন্য নির্মিত হয় এবং যার মধ্যে রয়েছে সেপটিক ট্যাংক পদ্ধতিসহ বিভিন্ন ধরনের পিট ল্যাট্রিন।

## দ্বিতীয় অধ্যায়
## অনসাইট স্যানিটেশন ব্যবস্থা

৩। **অনসাইট স্যানিটেশন ব্যবস্থা।–** এই উপ-আইনের উদ্দেশ্য পূরণকল্পে, পৌর এলাকার মধ্যে অবস্থিত প্রত্যেক হোল্ডিং বা ভবনে 'অনসাইট স্যানিটেশন ব্যবস্থা' থাকিতে হইবে।

৪। **অনসাইট স্যানিটেশন ব্যবস্থার নকশা প্রণয়ন, নির্মাণ ও মেরামত, ইত্যাদি।–**(১) অনসাইট স্যানিটেশন ব্যবস্থায় ভবনের টয়লেটের সহিত সোকপিট সম্বলিত পৃথক সেপটিক ট্যাংক থাকিতে হইবে এবং প্রত্যেক সেপটিক ট্যাংক ও সোকপিটের আকার হইবে পৌরসভা কর্তৃক নির্ধারিত ব্যবহারকারীর সংখ্যার ভিত্তিতে, এবং উক্ত উদ্দেশ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড-এর বিধানাবলী বা পৌরসভা কর্তৃক স্বীকৃত প্রকৌশল রীতি-নীতি অনুসরণ ক্রমে প্রতিটি ভবনে সেপটিক ট্যাংক সম্বলিত অনসাইট স্যানিটেশন ব্যবস্থার নকশা প্রণয়নসহ পৌরসভার তালিকাভুক্ত রাজমিস্ত্রি ও প্লাম্বার দ্বারা উহা নির্মাণ ও মেরামত করিতে হইবে।
(২) সাধারণ খানার আধা-পাকা বা কাঁচা ভবনের ক্ষেত্রে পৌরসভা অনুমোদিত নকশা অনুযায়ী অন্ততপক্ষে টুইন-পিট ল্যাট্রিন প্রযুক্তি বিশিষ্ট অনসাইট স্যানিটেশন ব্যবস্থার সুবিধাদি নির্মাণ করিতে হইবে।

৫। **অনসাইট স্যানিটেশন ব্যবস্থার নকশা প্রণয়ন, নির্মাণ ও মেরামতের সহিত জড়িত ডিজাইনার, রাজমিস্ত্রি ও প্লাম্বার তালিকাভুক্তিকরণ, ইত্যাদি।–**(১) পৌরসভা, তৎনির্ধারিত পদ্ধতিতে, অনসাইট স্যানিটেশন ব্যবস্থাদি নির্মাণ ও মেরামতের সহিত জড়িত ডিজাইনার, রাজমিস্ত্রি ও প্লাম্বারগণকে তালিকাভুক্ত করিবে এবং পৌরসভা সময় সময়, উক্ত তালিকা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য উহাদের সাথে স্থানীয় গণমাধ্যমে প্রকাশক্রমে বহুল প্রচারের ব্যবস্থা করিবে।

(২) পৌরসভা উপ-অনুচ্ছেদ (১) এর অধীন তালিকাভুক্ত রাজমিস্ত্রি ও প্লাম্বারগণের জন্য যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৬। **অনসাইট স্যানিটেশন সংরক্ষণ।–** (১) অনসাইট স্যানিটেশন ব্যবস্থা রহিয়াছে এমন প্রত্যেক হোল্ডিং বা ভবনের মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারের দায়িত্ব হইবে উক্ত ব্যবস্থা সঠিকভাবে সংরক্ষণ করা এবং নির্ধারিত নির্মাণজনিত ত্রুটি অথবা স্যানিটেশন ব্যবস্থার স্বাভাবিক কার্যকরণে ব্যর্থতার জন্য উক্ত অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য কোনো খোলা স্থান বা ড্রেনে প্রবাহিত হওয়ার কারণে যাহাতে পরিবেশের দূষণ না হয় উহা নিশ্চিত করা।

(২) গৃহস্থালী বা বাড়ি-ঘর বা ভবন পরিষ্কার বা রান্না, ধোয়া-মোছা ও গোসলের কাজে ব্যবহৃত পরিত্যক্ত পানি বা কোনো প্রকার কঠিন বর্জ্য কোনো অবস্থাতেই সেপটিক ট্যাংক বা পয়ঃবর্জ্য জমা হয় এমন কোনো স্থানে ফেলা যাইবে না; তবে ডিওয়াটস ব্যবস্থা রহিয়াছে এমন ক্ষেত্রে গৃহস্থালী বা বাড়ি-ঘর বা ভবন পরিষ্কার বা রান্না, ধোয়া-মোছা ও গোসলের কাজে ব্যবহৃত পরিত্যক্ত পানি সেপটিক ট্যাংক বা উক্ত ব্যবস্থায় ফেলা যাইবে।

**৭। বেসরকারী আবাসিক প্রকল্পে স্যানিটেশন ব্যবস্থা।–** (১) বেসরকারী আবাসিক প্রকল্পের ক্ষেত্রে, প্রকল্প এলাকায় Water & Sewerage Treatment Plant. Compost Plant ইত্যাদি নির্মাণের জন্য প্রয়োজনীয় পরিমান জমি লে-আউট প্ল্যান থাকিতে হইবে যাহা-

(ক) প্রচলিত বিধি বিধান অনুযায়ী ক্রয় বা সমঝোতার ভিত্তিতে গ্রহণ করিয়া পৌর কর্তৃপক্ষ উপরোক্ত প্ল্যান্ট তৈরী করিবেন:

(খ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উক্ত প্ল্যান্ট বাস্তবায়নে আগ্রহী না হইলে উদ্যোক্তা প্ল্যান্টসমূহ বাস্তবায়নে অন্য কোন দেশী বিদেশী, ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট সংরক্ষিত উক্ত জমি হস্তান্তর করিতে পারিবেন,

(গ) তবে উক্ত রূপেও প্ল্যান্ট করা সম্ভব না হইলে, সেইক্ষেত্রে উদ্যোক্তাদের নিজস্ব খরচে সরকারি নীতিমালা অনুযায়ী BOT (Build-Operate-Transfer) পদ্ধতিতে Water & Sewerage Treatment Plant, Compost Plant, ইত্যাদি নির্মাণের ব্যবস্থা সম্পন্ন করিয়া ইহা সংশ্লিষ্ট স্থানীয় সরকার, ফ্ল্যাট মালিক সমিতি বা পৌর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিবে।

**৮। স্যানিটেশন ব্যবস্থা পরিদর্শন।–**(১) পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা পৌরসভা কর্তৃক নির্ধারিত অন্য কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা আউটসোর্সিং প্রতিষ্ঠান পৌরসভার আওতাধীন এলাকায় নির্ধারিত কোনো ভবন মেরামত বা নতুন ভবন নির্মাণ কালীন, যে কোনো সময়, উক্ত হোল্ডিং বা ভবনে বা উহার আঙ্গিনায় নির্মিত বা নির্মিতব্য অনসাইট স্যানিটেশন ব্যবস্থাদি বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড, সময় সময়, জারিকৃত এ সংক্রান্ত আইন ও বিধি-বিধান বা পৌরসভা কর্তৃক নির্ধারিত মানদন্ড অনুযায়ী নির্মিত হইয়াছে কিনা বা নির্মাণ করা হইতেছে কিনা উহা পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিদর্শন ও পরীক্ষা করিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন পরিদর্শন ও পরীক্ষার সময় ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা পৌরসভা কর্তৃক মনোনীত অন্য কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা আউটসোর্সিং প্রতিষ্ঠানের নিকট যদি প্রতীয়মান হয় যে, পরিদর্শনকৃত ভবন বা ভবনের আঙ্গিনায় নির্মিত বা নির্মিতব্য স্যানিটেশন ব্যবস্থাদি উক্ত উপ-অনুচ্ছেদে বর্ণিত মান অনুযায়ী নির্মাণ করা হয় নাই বা হইতেছে না, তাহা হইলে উক্ত কর্মকর্তা পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত হোল্ডিং বা ভবনের মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারকে অনুমোদিত নকশা অনুযায়ী নিজ খরচে উহা পুনঃ নির্মাণ বা সংশোধিতরূপে মেরামত করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) উপ অনুচ্ছেদ (১) ও (২) এর ক্ষেত্রে বর্ণিত বিধানাবলী, বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, বস্তি এবং জনসমাগমস্থলে নির্মিত বা নির্মিতব্য স্যানিটেশন ব্যবস্থাদির ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য হইবে।

(৪) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন কোনো নির্দেশ প্রদান করা হইলে উক্ত নির্দেশে কত দিনের মধ্যে উক্ত কার্য সম্পন্ন করিতে হইবে উহার উল্লেখ থাকিবে।

(৫) এই অনুচ্ছেদের অধীন পরিদর্শনের সময় যদি দেখা যায় যে, কোনো হোল্ডিং এর অভ্যন্তরে ভবন বা উহার আঙ্গিনায় কোনো রকম স্যানিটেশন ব্যবস্থা নাই বা উক্ত ব্যবস্থা থাকিলেও উহা অপর্যাপ্ত রহিয়াছে বা উহা যথাযথভাবে নির্মাণ করা হয় নাই, তাহা হইলে পৌরসভা উক্ত মালিককে বাড়ি বা ভবন বা উহার আঙ্গিনায় উপ-অনুচ্ছেদ (২)এ বর্ণিত মান অনুযায়ী যথাযথ স্থানে নির্মাণ বা পুনঃনির্মাণের জন্য পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে নোটিশ প্রদান পূর্বক নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৬) এই অনুচ্ছেদের অধীন কোনো নির্দেশ প্রদান করা হইলে সংশ্লিষ্ট হোল্ডিং বা ভবন মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার উক্ত নির্দেশ প্রতিপালনে বাধ্য থাকিবে।

(৭) এই অনুচ্ছেদের অধীন নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারের আবেদনের পরিপ্রেক্ষিতে কোনো স্যানিটেশন ব্যবস্থা পুনঃনির্মাণ বা এতদসংক্রান্ত বিকল্প ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে পৌরসভা, স্বীয় বিবেচনায়, প্রয়োজনীয় সহায়তাসহ কারিগরি পরামর্শ প্রদান করিতে পারিবে।

## তৃতীয় অধ্যায়

### পয়ঃবর্জ্য সংগ্রহ, পরিবহন ও অপসারণ, ইত্যাদি

**৯। অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য খালিকরণে ভবন মালিক, তত্ত্বাবধায়ক ও দখলদারদের দায়িত্ব।–** (১) অনসাইট স্যানিটেশন ব্যবস্থা রহিয়াছে এমন প্রত্যেক হোল্ডিং বা ভবনের মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার উক্ত স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য নিরাপদে নিয়মিত খালিকরণ ও অপসারণ করার জন্য দায়ী থাকিবে এবং তাহাদের দায়িত্ব হইবে-

(ক) নির্দিষ্টকৃত সময়ের মধ্যে স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য খালিকরণ বা অপসারণ করা।

(খ) কেবলমাত্র পৌরসভা অথবা পৌরসভা কর্তৃক নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সপ্রাপ্ত অপারেটর বা পৌরসভার তালিকাভুক্ত ও প্রশিক্ষিত পয়ঃবর্জ্য অপসারণ কাজে নিয়োজিত কর্মীর মাধ্যমে এবং পৌরসভা কর্তৃক নির্ধারিত ফিস প্রদান এবং অন্যানা খরচ পরিশোধ সাপেক্ষে, স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য খালিকরণ বা অপসারণ করা।

(গ) পয়ঃবর্জ্য অপসারণ কাজে নিয়োজিত কর্মীগণকে হোল্ডিং-এর অভ্যন্তরে এবং প্রয়োজনে ভবনে প্রবেশ করিতে এবং নিরাপদে পয়ঃবর্জ্য অপসারণ করিতে সহযোগিতা করা।

(ঘ) পয়ঃবর্জ্য খালিকরণ বা অপসারণের ক্ষেত্রে পৌরসভা কর্তৃক ইস্যুকৃত স্বাস্থ্য ও নিরাপত্তা নির্দেশাবলী অনুসরণ করা।

**১০। পয়ঃবর্জ্য সংগ্রহ, খালিকরণ, পরিবহন, অপসারণ, ইত্যাদির ফিস।–**(১) অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ ও পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে উহা পরিবহনের জন্য হোল্ডিং বা ভবন মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদার কর্তৃক প্রদেয় ফিস/হার পৌরসভা কর্তৃক সময় সময় নির্ধারণ করা হইবে। এ সংক্রান্ত ফিস/হার নির্ধারণ করার ক্ষেত্রে মডেল ট্যাক্স সিডিউল অনুসরণ করিতে হইবে। মডেল ট্যাক্স সিডিউলে ফিস/হার নির্ধারণ করা না থাকিলে পৌর পরিষদ এর অনুমোদন সাপেক্ষে ফিস/হার নির্ধারিত হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন ফিস নির্ধারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন বা অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ হইতে পরিশোধন পর্যন্ত সকল ধাপে অর্থ ব্যয়ের হিসাব বিবেচনা করা যাইবে।

(৩) বস্তি এলাকায় পয়ঃবর্জ্য অপসারণ কাজের জন্য বিশেষ ভ্যাকুট্যাগ দ্বারা অগ্রাধিকার ভিত্তিতে পৌরসভা বা পৌরসভা কর্তৃক নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সপ্রাপ্ত অপারেটর কর্তৃক নিয়োজিত অপারেটর কর্তৃক তুলনামূলক স্বল্পমূল্যে সেপটিক ট্যাংক ও পিট পরিষ্কারের ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) প্রত্যেক হোল্ডিং বা ভবন মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারকে পয়ঃ বর্জ্য সংগ্রহ, অপসারণ ও পরিবহন ফিস পৌরসভা কর্তৃক, সময় সময়, নির্ধারিত পদ্ধতিতে, পরিশোধ করিতে হইবে।

(৫) অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ বা পরিবহনের জন্য পৌরসভা বা পৌরসভা কর্তৃক নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সপ্রাপ্ত অপারেটর কোনো হোল্ডিং বা ভবন মালিক, তত্ত্বাবধায়ক বা দখলদারের নিকট পৌরসভা কর্তৃক নির্ধারিত ফিস এর অতিরিক্ত কোনো অর্থ দাবি করিতে পারিবে না।

**১১। তথ্যভান্ডার।–**(১) পৌরসভার আওতাধীন সকল ভবনের তালিকা সম্বলিত তথ্যভান্ডারসহ অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে যথাযথভাবে, সময়মত ও নিয়মিত পয়ঃবর্জ্য সংগ্রহ ও অপসারণের জন্য উহার সামগ্রিক ব্যবস্থাপনা ও কত দিন পর পর উহা খালি করিতে হইবে তৎসংক্রান্ত তথ্য এবং প্রদত্ত ও গৃহীত ব্যবস্থাপনা সেবার তথ্য সম্বলিত একটি তথ্য ভান্ডার প্রস্তুত করিবে।

(২) পৌরসভা বা পৌরসভা কর্তৃক নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সপ্রাপ্ত অপারেটর কর্তৃক পৌরসভার আওতাধীন সকল অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে কার্যকরভাবে পয়ঃবর্জ্য খালি বা সংগ্রহ ও অপসারণ কাজের জন্য উক্ত তথ্যভান্ডার ব্যবহার করিতে হইবে।

**১২। পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহনের জন্য নিয়োজিত যানবাহন।–** (১) এই উপ-আইনের উদ্দেশ্য পূরণকল্পে, পৌরসভা কর্তৃক নির্দিষ্টকৃত বা অনুমোদিত পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন যান ব্যতীত অন্য কোনো যানবাহনে পয়ঃবর্জ্য পরিবহন করা যাইবে না, এবং এক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত এ সংক্রান্ত বিধি-বিধান প্রাধান্য পাইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন পরিবহন খান পৌরসভা কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশন ও মানের হইতে হইবে এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ হইতে নিবন্ধন থাকিতে হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন পরিবহন যানে আবশ্যিকভাবে- পয়ঃবর্জ্য সংগ্রহের ভ্যাকুয়াম সাকশন এবং নির্গমনের যথাযথ ব্যবস্থা থাকিতে হইবে।

(৪) নিরাপদে পয়ঃবর্জ্য পরিবহনের জন্য ভ্যাকুটাগ বা পয়ঃবর্জ্য পরিবহন যান কেবল পৌরসভা কর্তৃক, সময় সময়, নির্ধারিত পথে ও সময়ে চলাচল করিতে পারিবে।

(৫) পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহনের কাজে নিয়োজিত প্রত্যেক ভ্যাকুটাগ বা পয়ঃবর্জ্য পরিবহন যানে দৃষ্টিগ্রাহ্যভাবে-

(ক) সংশ্লিষ্ট পরিবহনকারী বা অপারেটরের লাইসেন্সের কপি বা, ক্ষেত্রমত পৌরসভার অনুমোদন পত্রের কপি প্রদর্শন করিতে হইবে; এবং

(খ) হলুদ রঙের উপর লাল কালিতে 'পয়ঃবর্জ্য পরিবহন কাজে নিয়োজিত' শীর্ষক তথ্য লিপিবন্ধ করিতে হইবে।

**১৩। পরিবহনের ক্ষেত্রে সতর্কতা।–**(১) পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ বা পরিবহন কার্যে পৌরসভা বা পৌরসভা নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সকৃত অপারেটর কর্তৃক পয়ঃবর্জ্য সংগ্রহের স্থান হইতে পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য পরিবহনের সময় যাহাতে কোনোভাবেই তরল বর্জ্য নির্গত না হয় বা টলকে পড়িয়া না যায় উহা নিশ্চিত করিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) বাস্তবায়নে, সরকার কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনা অবলম্বনে পৌরসভা কর্তৃক প্রনয়নকৃত এ সম্পর্কিত প্রোটোকল অনুসরণ করিতে হইবে।

(৩) পরিবেশ দূষণ রোধকল্পে, পয়ঃবর্জ্য পরিবহনের সময় প্রত্যেক ভ্যাকুটাগ বা পয়ঃবর্জ্য পরিবহন যানের সহিত পৌরসভা কর্তৃক নির্ধারিত যন্ত্রপাতি সংযোজন করিতে হইবে।

**১৪। দুর্ঘটনার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি বা লাইসেন্সকৃত অপারেটরের দায়-দায়িত্ব।–** (১) অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ বা উহা পরিবহনের সময় সংঘটিত দুর্ঘটনার জন্য কোনো ব্যক্তি, যানবাহন, সম্পত্তি বা পরিবেশের ক্ষতি হইলে উক্ত ক্ষতির জন্য পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ বা পরিবহন কার্যে নিয়োজিত অপারেটর বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সরাসরি দায়ী থাকিবে।

(২) সংঘটিত দুর্ঘটনার ক্ষতিপূরণ ও নিষ্পত্তি পৌর পরিষদ নির্ধারিত কমিটি, সংশ্লিষ্ট স্থায়ী কমিটি বা বিশেষ কমিটির মাধ্যমে নিষ্পত্তি করিতে পারিবে।

(৩) পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ বা উহা পরিবহনের সময় দুর্ঘটনা সংঘটিত হওয়ার অনতিবিলম্বে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ ও পরিবহন কার্যে নিয়োজিত অপারেটর বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পৌরসভার দায়িৎপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিবে।

**১৫। লাইসেন্সকৃত অপারেটর এর দায়িত্ব।–** এই উপ-আইনের উদ্দেশ্য পূরণকল্পে, পৌরসভা পঞ্চম অধ্যায়ে বর্ণিত বিধান অনুযায়ী পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ ও পরিবহন কার্যে বেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সকৃত অপারেটর। নিয়োজিত করিতে পারিবে, এবং উক্তরূপে নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সকৃত অপারেটর, অন্যান্য বিষয়ের পাশাপাশি, নিম্নবর্ণিত দায়িত্বাবলী প্রতিপালন করিবে, যথা:-

(ক) পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে এবং নির্দিষ্ট মানের পরিবহন যান ব্যবহার করিয়া নিরাপদে পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ ও পরিবহন করিয়া পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য ফেলা বা নিষ্কাশনের (disposal) ব্যবস্থা করা;

(খ) পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ ও পরিবহনের মূল্য নির্ধারনে পৌরসভা কর্তৃক নির্ধারিত ফি অবলম্বন করা;

(গ) পয়ঃবর্জ্য সংগ্রহ, পরিবহন ও অপসারণ কার্যে নিয়োজিত কর্মীদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা সহ উক্ত কর্মীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করাসহ বীমার ব্যবস্থা করিবে।

## চতুর্থ অধ্যায়
## পয়ঃবর্জ্য পরিশোধন ও পুনঃব্যবহার, ইত্যাদি

**১৬। পয়ঃবর্জ্য পরিশোধন ও নিষ্কাশনের স্থান চিহ্নিতকরণ, অবকাঠামো নির্মান, ইত্যাদি।**-(১) পয়ঃবর্জ্য অপসারণ, পরিশোধন বা পুনঃব্যবহারের উদ্দেশ্যে, পৌরসভা বা পৌরসভা নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সকৃত অপারেটর বা পৌরসভার প্রশিক্ষণপ্রাপ্ত বা ক্ষেত্রমত লাইসেন্সকৃত স্যানিটেশন কর্মী কর্তৃক যে স্থানে পয়ঃবর্জ্য ফেলিতে হইবে পৌরসভা সেই স্থান চিহ্নিত ক্রমে নির্ধারণ করিবে।

(২) পয়ঃবর্জ্য নিষ্কাশন, পরিশোধন বা, ক্ষেত্রমত পুনঃব্যবহারের সুবিধা প্রদানের উদ্দেশ্যে, পৌরসভা উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত স্থানে সরকার কর্তক নির্ধারিত মান বজায় রেখে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ উহাতে প্রয়োজনীয় সরঞ্জামাদি স্থাপনের ব্যবস্থা করিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন পয়ঃবর্জ্য পরিশোধন ব্যবস্থা বা অবকাঠামো নির্মিত না হওয়া পর্যন্ত, সংগৃহীত ও পরিবহনকৃত পয়ঃবর্জ্য পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে গর্ত বা পরিখা খনন করিয়া সেখানে ফেলিতে হইবে এবং উক্ত গর্ত বা পরিখা পূর্ণ হইয়া গেলে উহা মাটি দ্বারা যথাযথভাবে ঢাকিয়া দিতে হইবে।

**১৭। পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য অপসারণ–** (১) পৌরসভা বা পৌরসভা নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সকৃত অপারেটর কেবলমাত্র পৌরসভা কর্তৃক পয়ঃবর্জ্য ফেলার নির্ধারিত স্থানে এবং নির্ধারিত সময়ে পয়ঃবর্জ্য অপসারণ করিবে।

(২) পৌরসভা কর্তৃক পয়ঃবর্জ্য ফেলার নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য ব্যতীত অন্য কোন বর্জ্য বা অন্য কোন বর্জের সংমিশ্রণ রহিয়াছে এমন পয়ঃবর্জ্য নিষ্কাশন বা ফেলা যাইবে না।

(৩) পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য সংগ্রহের উদ্দেশ্যে পৌরসভা বা পৌরসভা নিয়োজিত দেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সকৃত অপারেটর পয়ঃবর্জ্য নিষ্কাশন বা ফেলার স্থানে প্রয়োজনীয় সংখ্যক কর্মী নিয়োজিত করার ব্যবস্থা করিবে।

(৪) পৌরসভা বা পৌরসভা নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা লাইসেন্সকৃত অপারেটর পৌরসভা কর্তৃক পয়ঃবর্জ্য ফেলার নির্ধারিত স্থানে পয়ঃবর্জ্য নিষ্কাশন সংক্রান্ত তথ্য পৌরসভা কর্তৃক নির্ধারিত ফর্মে বা অনলাইন প্লাটফর্ম অনুসরনক্রমে সংরক্ষন করিবে এবং পৌরসভা কর্তৃক নির্ধারিত সময়ে এবং উপায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিবে।

**১৮। পয়ঃবর্জ্য পরিশোধন।**–(১) পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য পৌরসভা সংশ্লিষ্ট সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের নিকট হইতে কারিগরি ও আর্থিক সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(২) পৌরসভা পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য প্রয়োজনীয় পরিশোধন সুবিধাদি পরিচালনার নিমিত্তে ইজারা প্রদান পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে এবং উক্ত উদ্দেশ্যে পৌরসভা প্রয়োজনীয় স্টান্ডার্ড অপারেটিং পদ্ধতি প্রণয়ন করিতে পারিবে।

**১৯। পয়ঃবর্জ্য পুনঃব্যবহার।**–(১) পৌরসভা বা পৌরসভা নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি বিজ্ঞানসম্মত উপায়ে এবং সরকার নির্ধারিত মান অনুসরনক্রমে পয়ঃবর্জ্য পরিশোধন পূর্বক পুনঃ ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে অথবা কোন প্রতিষ্ঠান বা ব্যক্তিকে নির্ধারিত মূল্যে বা বিনামূল্যে সরবরাহ করিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ বর্ণিত পরিশোধিত পয়ঃবর্জ্য পুনঃব্যবহার করা সম্ভব না হইলে পৌরসভা বা পৌরসভা নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি উহা সরকার নির্ধারিত পদ্ধতিতে অপসারন করিতে পারিবে।

(৩) কৃষি কার্যে সরাসরি অপরিশোধিত পয়ঃবর্জ্য ব্যবহার ও পুনঃব্যবহার করার ক্ষেত্রে, স্বাস্থ্য ও পরিবেশগত ঝুঁকি থাকার বিষয়ে কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক করাসহ এতদ প্রয়োজনে পরিশোধিত 'পয়ঃবর্জ্য ব্যবহারে উৎসাহ প্রদান করা যাইবে।

(৪) কৃষি কার্যে পুনঃব্যবহার যোগ্য পরিশোধিত উপজাত দ্রব্য বা কম্পোষ্ট বাজারজাত করিবার জন্য সরকারের যথাযথ কর্তৃপক্ষের লাইসেন্স গ্রহণ করিতে হইবে অথবা এইরুপ লাইসেন্স আছে এমন প্রতিষ্ঠানের মাধ্যম বাজারজাত করিবার জন্য চুক্তিবদ্ধ হইতে হইবে।

## পঞ্চম অধ্যায়
## লাইসেন্স, নিবন্ধন, ইত্যাদি

**২০। পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন কার্য পরিচালনার জন্য লাইসেন্স।–** (১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহন কার্য পরিচালনা করিতে চাহিলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পৌরসভা হইতে অপারেটর হিসেবে লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন লাইসেন্সের জন্য ইচ্ছুক প্রত্যেক ব্যক্তি বা প্রতিষ্ঠান-কে, পৌরসভা কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ফি পরিশোধ সাপেক্ষে, পৌরসভার মেয়র/নির্বাহী কর্মকর্তা বা পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী, সচিব বা পৌরসভার জ্যেষ্ঠ কর্মকর্তার নিকট আবেদন করিতে হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন কৃত আবেদন সম্পর্কে মেয়র/নির্বাহী কর্মকর্তা বা পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী, সচিব বা পৌরসভার জ্যেষ্ঠ কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী এই উপ-আইন অনুযায়ী লাইসেন্স পাওয়ার যোগ্য এবং সংশ্লিষ্ট আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান অনুচ্ছেদ ১৯-এ বর্ণিত শর্ত বা মানদন্ড প্রতিপালনে সক্ষম, তাহা হইলে তিনি আবেদনটি সংশ্লিষ্ট বর্জ্য-ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সুপারিশের ভিত্তিতে পৌর পরিষদ এর অনুমোদন ক্রমে, উহা মঞ্জুর করতঃ আবেদনকারী বরাবর লাইসেন্স ইস্যু করিবে এবং আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান অপারেটর লাইসেন্স প্রাপ্ত হইয়াছে বলিয়া অভিহিত হইবে।

(৪) লাইসেন্স প্রদানের ক্ষেত্রে, পৌরসভা লাইসেন্সকৃত অপারেটর এর নিকট হইতে পৌরসভা কর্তৃক নির্ধারিত অংকের পারফরমেন্স গ্যারান্টি লইতে পারিবে।

(৫) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে ১ বৎসর বা পৌরসভা কর্তৃক নির্ধারিত সময়কাল এবং উক্ত লাইসেন্স, পৌরসভা কর্তৃক নির্ধারিত ফি প্রদান/পরিশোধ সাপেকে নবায়ন যোগ্য হইবে।

(৬) এই অনুচ্ছেদে যাহা কিছুই থাকুক না কেন, পৌরসভা কর্তৃক সরাসরি পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহন সেবা পরিচালনার ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলীর কোনো কিছুই প্রযোজ্য হইবে না।

**২১। পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন কার্য পরিচালনার লাইসেন্স ইস্যুর শর্ত।–**(১) লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীকে একজন আইনগত ব্যক্তিসত্তা হইতে হইবে।

(২) লাইসেন্স প্রাপ্তির জন্য প্রত্যেক আবেদনকারীর মালিকানাধীন বা অনুমোদিত ভাড়া চুক্তির অধীন পৌরসভা কর্তৃক নির্ধারিত মানের ভ্যাকুটাগ বা অনুরূপ অন্য কোনো পরিবহন যান থাকিতে হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন পরিবহন যান আবশ্যিকভাবে এই উপ-আইনের অনুচ্ছেদ ৯-এ উল্লেখিত মানের হইতে হইবে।

(৪) আবেদনকারীকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করিতে হইবে যে,

(ক) পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন ফিস নির্ধারনে এই উপ-আইনের অনুচ্ছেদ ৮-এ উল্লেখিত বিধানাবলী অনুসরন করিবে;

(খ) সংগৃহীত পয়ঃবর্জ্য পরিবহন ও অপসারনের ক্ষেত্রে উপ-আইনের অনুচ্ছেদ ১০, ১১, ১২, ১৩ ও ১৫ -এ উল্লেখিত বিধানাবলী অনুসরন করিবে;

(গ) পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন কাজে নিয়োজিত প্রত্যেক কর্মী যথাযথভাবে প্রশিক্ষন প্রাপ্ত হইবে এবং এই উপ-আইনের অনুচ্ছেদ ২৫-এ উল্লেখিত শর্তাবলী অনুসরণ করিবে;

(ঘ) পৌরসভা কর্তৃক নির্ধারিত ছক বা অনলাইন প্লাটফর্ম অনুসরণক্রমে পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন কার্য সম্পর্কীত তথ্য নির্ধারিত সময়ে প্রদান করিবে।

**২২। লাইসেন্সের জন্য আবেদন আহ্বান।–** পৌরসভা পয়ঃবর্জ্য অপসারণ ও পরিবহনের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে আবেদন আহ্বান করার ও উক্ত রূপ আবেদনের সময় নির্ধারণ করিয়া উহার ওয়েবসাইট ও বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করিতে পারিবে।

**২৩। পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন কার্য পরিচালনার লাইসেন্স বাতিল বা সাময়িকভাবে স্থগিতকরণ।–** (১) পৌরসভা কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা লাইসেন্স প্রাপ্ত অপারেটরের কার্যাবলী ও ভ্যাকুটাগ বা পয়ঃবর্জ্য পরিবহন। যান যথাযথ নিয়মে পরিদর্শন ও পরীক্ষা করিতে পারিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন পরিদর্শন ও পরীক্ষার পর যদি পৌরসভার নিকট প্রতীয়মান হয় যে, সাইসেন্স প্রাপ্ত অপারেটরের অনুচ্ছেদ **১০, ১১, ১২, ১৩** ও **১৫**-এ উল্লেখিত বিধানাবলী প্রতিপালিনে সক্ষম নয় এবং উত্তার কার্য দ্বারা পৌর এলাকার জনস্বাস্থ্য ও নিরাপত্তা বিঘ্নিত হইতে পারে, তাহা হইলে পৌরসভা উক্ত অপারেটরকে নোটিশ প্রদান করিয়া সতর্ক করিতে পারিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন সতর্কতা সত্বেও অপারেটর উল্লেখিত শর্ত প্রতিপালনে সক্ষম না হইলে পৌরসভা উক্ত লাইসেন্স বাতিল বা সাময়িকভাবে স্থগিতকরণ অথবা উহার আওতায় পরিচালিত নির্দিষ্ট এক বা একাধিক পরিবহন যান ব্যবহারে নিষেধাজ্ঞা আরোপ করিতে পারিবে।

## ষষ্ঠ অধ্যায়
## পাবলিক টয়লেট, কমিউনিটি টয়লেট ও স্কুল টয়লেট স্থাপন, ব্যবস্থাপনা, ইত্যাদি

**২৪। পাবলিক টয়লেট স্থাপন, ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ।–** (১) পৌরসভা উহার এখতিয়ারাধীন এলাকায়, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এর বিধানাবলী ও পৌরসভা কর্তৃক স্বীকৃত প্রকৌশল মানদন্ড অনুসরণক্রমে, জনসমাগম স্থলে নারী ও পুরুষদের জন্য পৃথক ও পর্যাপ্ত সংখ্যক অনসাইট স্যানিটেশন ব্যবস্থা সম্বলিত টয়লেট ব্যবস্থা স্থাপন করিবে; এবং উক্তরূপ পাবলিক টয়লেট সংস্থাপনের ক্ষেত্রে পৌরসভা, প্রয়োজনে সরকার বা অন্য কোনো উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তা গ্রহণ করিতে পারিবে বা পাবলিক প্রাইভেট পার্টনারশিপ এর মাধ্যমে স্থাপনা নির্মাণ করিতে পারিবে।

> **ব্যাখ্যা।** এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, (ক) "জনসমাগম স্থল" অর্থে পৌরসভা এলাকার জনসাধারণ কর্তৃক ব্যবহৃত কোনো উন্মুক্ত স্থান, মার্কেট, পাবলিক বিল্ডিং, সরকারি রাস্তা, ফুটপাত, এভিনিউ বা স্কয়ার, উন্মুক্ত স্থান, বাস টার্মিনাল, পাবলিক পার্ক, বাগান, হাট-বাজার অন্তর্ভুক্ত হইবে;
>
> (খ) "পাবলিক টয়লেট" অর্থ জনসাধারণের ব্যবহারের জন্য, পৌরসভা কর্তৃক নির্ধারিত্ব ফিস প্রদানের বিনিময়ে বা ফিস প্রদান ব্যতীত, জনসমাগম স্থলে পৌরসভা বা কোনো ব্যক্তি কর্তৃক নির্ধারিত বা স্থানান্তরযোগ্য টয়লেট।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন পাবলিক টয়লেট স্থাপন বা নির্মাণ, টয়লেট পরিচালনা বা ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের জন্য এ সংক্রান্ত কোনো আইন ও বিধি-বিধান থাকিলে তাহা অনুসরণ করিতে হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন কোনো পাবলিক টয়লেটি স্থাপন করা হইলে পৌরসভা বা পৌরসভা নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান উক্ত টয়লেট এর রক্ষণাবেক্ষণ, ব্যবস্থাপনা ও পরিচালনা অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য অপসারণ ব্যবস্থা করিবে।

(৪) পৌরসভা কর্তৃক স্থাপিত পাবলিক টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য পৌরসভা, সরকার বা তৎকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে এবং সময় সময়, জারিকৃত গাইডলাইন অনুযায়ী,

- (ক) কোনো বেসরকারী প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট এক বা একাধিক পাবলিক টয়লেট সর্বোচ্চ পাঁচ বছরের জন্য ইজারা প্রদান করিতে পারিবে, বা
- (খ) এতদ উদ্দেশ্যে গঠিত কোনো কমিটির মাধ্যমে উহা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করিতে পারিবে।

(৫) জনসমাগম স্থলে স্থাপিত প্রত্যেক পাবলিক টয়লেটে

(ক) সার্বক্ষণিক প্রবহমান পানি, হাত ধোওয়ার জন্য সাবান, স্যান্ডেল, র‌্যাক, বাকেট, সেলফ এর সংস্থান রাখিতে হইবে;

(খ) নারী ও প্রতিবন্ধী ব্যক্তির সহজ ব্যবহার নিশ্চিত করিতে উপযুক্ত সরঞ্জামের ব্যবস্থা করিতে হইবে;

(গ) স্থানীয় চাহিদা বিবেচনায় প্রয়োজনীয় পৃথক গোসলের ব্যবস্থা রাখিতে হইবে;

(ঘ) ব্যবহারকারীর যথাযথ নিরাপত্তার অবস্থা থাকিতে হইবে;

(৬) জনসমাগমস্থলে স্থাপিত প্রত্যেক পাবলিক টয়লেট পৌরসভা কর্তৃক নির্ধারিত সময়ব্যাপী সকলের ব্যবহারের জনা খোলা রাখিতে হইবে এবং দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শনের ব্যবস্থা করিতে হইবে।

(৭) পৌরসভা টয়লেটের অবস্থান, সম্ভাব্য ব্যবহারকারীর সংখ্যা, ব্যবস্থাপনা ব্যয় ও আনুষাঙ্গিক অন্যান্য বিষয়াদি বিবেচনা করিয়া সময় সময়, প্রত্যেক পাবলিক টয়লেটের ব্যবহার ফি নির্ধারণ করিবে এবং পৌরসভা। বা পৌরসভা নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান কোনোক্রমেই পৌরসভা কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত কোনো অর্থ আদায় করিতে পারিবে না।

(৮) পৌরসভা বা পৌরসভা নিয়োজিত সেরকারী প্রতিষ্ঠান পাবলিক টয়লেট এর ব্যবহার ফি এর তালিকা ব্যবহারকারীর দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শনের ব্যবস্থা করিতে হইবে।

**২৫। বস্তিবাসী বা দরিদ্র জনগোষ্ঠীর জন্য স্যানিটেশন ব্যবস্থা স্থাপন, ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ।-**(১) পৌরসভা উহার এখতিয়ারাধীন এলাকায় স্বয়ং প্রয়োজনে অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোডের বিধান, পৌসভা কর্তৃক স্বীকৃত প্রকৌশল মানদণ্ড অনুসরণক্রমে, অগ্রাধিকারের ভিত্তিতে বস্তিবাসী বা দরিদ্র জনগোষ্ঠী জন্য দুই পিট সম্বলিত বা সেপটিক ট্যাংকসহ প্রয়োজনীয় সংখ্যক কমিউনিটি টয়লেট স্থাপন করিবে।

(২) কমিউনিটির টয়লেট- এমনভাবে নির্মাণ করিতে হইবে যাতে উহা নারী, শিশু, বৃদ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তির ব্যবহারের উপযোগী হয়।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন স্থাপিত কমিউনিটি টয়লেট স্থাপন কার্যক্রম উহার ব্যবহারকারী পরিবারের আর্থিক অংশগ্রহণের ভিত্তিতে হইতে হইবে এবং ব্যবহারকারীদের মধ্য হইতে এতদ উদ্দেশ্যে গঠিত কমিটির মাধ্যমে পরিচালিত হইবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন গঠিত কমিটি উক্তরূপ কমিউনিটি টয়লেট পৌরসভা নির্ধারিত পদ্ধতিতে এবং সময় সময়, জারিকৃত গাইডলাইন অনুযায়ী, ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ করিবে এবং উপ-আইনের বিধি-বিধান অনুসরণক্রমে পয়ঃবর্জ্য অপসারণের ব্যবস্থা করিবে।

(৫) পানি সরবরাহ নেটওয়ার্ক ব্যবস্থা থাকা সাপেক্ষে পৌরসভা তৎকর্তৃক স্থাপিত কমিউনিটি টয়লেটে প্রবাহমান পানির সংযোগ প্রদানের ব্যবস্থা করিবে, এবং এক্ষেত্রে ব্যবহৃত পানির ফি এতদ উদ্দেশ্যে গঠিত কমিটি প্রদান করিবে।

(৬) ব্যক্তি মালিকানাধীন জমিতে গড়িয়া উঠা বস্তির মালিক, তত্ত্বাবধায়ক ও দখলধারের দায়িত্ব হইবে উক্ত জমিতে অবস্থিত কমিউনিটি টয়লেট এর রক্ষণাবেক্ষণ করা, অথবা ব্যবহারকারীদের মধ্য হইতে এতদ উদ্দেশ্যে গঠিত কমিটির মাধ্যমে ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা।

**ব্যাখ্যা।-**এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, "কমিউনিটি টয়লেট" অর্থ অনুর্ধ্ব পাঁচটি পরিবারের জন্য যথাযথ স্যানিটেশন ব্যবস্থা ও সেপটিক ট্যাংক সম্বলিত টয়লেট।

**২৬। শিক্ষা প্রতিষ্ঠানে স্যানিটেশন ব্যবস্থা স্থাপন, ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ।-(১)** পৌরসভার আওতাধীন এলাকায় অবস্থিত প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে সরকার বা তৎকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে এবং সময় সময়, জারিকৃত গাইডলাইন অনুযায়ী ছাত্র ও ছাত্রীদের জন্য প্রয়োজনীয় সংখ্যক পৃথক টয়লেট এর ব্যবস্থা রাখিতে হইবে, এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিজ খরচে উক্ত ল্যাট্রিন বা টয়লেট এর পরিচালনা ও রক্ষণাবেক্ষণসহ তৎসংশ্লিষ্ট সেপটিক ট্যাংক হইতে পয়ঃবর্জ্য অপসারণের ব্যবস্থা করিবে।

(২) শিক্ষা প্রতিষ্ঠানে নির্মীত প্রত্যেক টয়লেটে

(ক) হাত ধোওয়ার জন্য বেসিন, উহাতে সার্বক্ষণিক প্রবহমান পানি, এবং হাত ধোওয়ার জন্য সাবান এর সংস্থান রাখিতে হইবে;

(খ) ভিন্নভাবে সক্ষম শিক্ষার্থীদের সহজ ব্যবহার নিশ্চিত করিতে প্রয়োজনীয় ব্যবস্থা করিতে হইবে।

(৩) পানি সরবরাহ নেটওয়ার্ক ব্যবস্থা থাকা সাপেক্ষে পৌরসভা শিক্ষা প্রতিষ্ঠানে নির্মীত টয়লেটে প্রবাহমান পানির সংযোগ প্রদানের ব্যবস্থা করিবে, এবং এক্ষেত্রে ব্যবহৃত পানির ফি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদান করিবে।

## সপ্তম অধ্যায়
## অনসাইট স্যানিটেশন নিয়োজিত কর্মীর নিরাপত্তা, ইত্যাদি

**২৭। অনসাইট স্যানিটেশন ব্যবস্থায় নিয়োজিত কর্মীর নিরাপত্তা নিশ্চিতকরণে নিয়োগকারীর দায়িত্ব।-** (১) অনসাইট স্যানিটেশন ব্যবস্থা নির্মান, মেরমত ও রক্ষণাবেক্ষণ এবং অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ, পরিবহন, অপসারণ, ইত্যাদির কাজে নিয়োজিত কর্মীর কর্মক্ষেত্রে স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিতকরনে তাহাদের নিয়োগকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি প্রয়োজনীয় ব্যবস্থা করিবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, অনসাইট স্যানিটেশন ব্যবস্থায় নিয়োজিত কর্মীর নিয়োগকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি অথবা তাহাদের পক্ষে নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে,

(ক) অন্ততপক্ষে নিম্নবর্ণিত যন্ত্রপাতি ও নিরাপত্তামূলক সরঞ্জামাদি কর্মীগণের ব্যবহারের জন্য ব্যবস্থা করিতে হইবে, যথা:

১) গ্যাস নিবারক;
২) গ্যাস-মান্ত ও সার্জিক্যাল ফেসমাস্ক;
৩) অক্সিজেন সিলিন্ডারযুক্ত অক্সিজেন মাস্ক;
৪) প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম;
৫) নিরাপত্তা বেল্ট;
৬) রাসায়নিক তরল নিরোধক পোষাক;
৭) টর্চ লাইট;
৮) ভারি রাসায়নিক প্রতিরোধক হাতমোজা;
৯) হেড ল্যাম্পসম্বলিত হেলমেট ও নিরাপত্তামূলক চশমা;
১০) জল অভেদ্য বুট জুতা;
১১) এয়ার কম্প্রেসর ও রোয়ার;
১২) এপ্রন ও রেইনকোট;
১৩) পৌরসভা কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্যান্য সরঞ্জামাদি।

(খ) সময় সময়, কর্মীগণের জন্য স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তা নিদের্শনা অবহিতকরণের ব্যবস্থা করিতে হইবে।

(গ) পৌরসভা কর্তৃক, সময় সময়, জারিকৃত স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তার নির্দেশনা পালন করিতে হইবে।

(ঘ) সতর্কতা ও নিরাপত্তামূলক ব্যবস্থা অনুসরণ করা হইতেছে কিনা উহা নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর আওতায় বর্ণিত কর্মী বা কর্মীগণকে নিয়োগকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি অথবা তাহাদের পক্ষে নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক যদি প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জামাদি নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তা নির্দেশনা অবহিতকরণের ব্যবস্থা করিয়া থাকেন তবে সেই ক্ষেত্রে দায়িত্বে নিয়োজিত কর্মীর অবহেলায় কর্মক্ষেত্রে দুর্ঘটনার জন্য নিয়োগকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি দায়ী থাকিবে না।

**২৮। কর্মীদের কর্মক্ষেত্রে দুর্ঘটনার ক্ষতিপূরণ।**-(১) অনসাইট স্যানিটেশন ব্যবস্থায় নিয়োজিত কর্মীদের কর্মক্ষেত্রে দুর্ঘটনার ক্ষতিপূরণ সংশ্লিষ্ট আইন ও বিধি অনুযায়ী উক্ত কর্মীদের নিয়োগকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক প্রদান করিতে হইবে।

## অষ্টম অধ্যায়
## পরিকল্পনা, জনেসচেতনতা, প্রশাসনিক বিষয়াদি, ইত্যাদি

**২৯। পৌরসভার দায়িত্ব, গাইডলাইন প্রণয়ন ও সেবার মূল্য বা ফি নির্ধারণ।**-(১) এই উপ-আইনের উদ্দেশ্য পূরণকল্পে, পৌরসভা, অন্যান্য দায়িত্বের মধ্যে, নিম্নরুপ দায়িত্ব পালন করিবে, যথা:

(ক) স্যানিটেশন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা সম্পর্কিত সার্বিক পরিকল্পনা প্রণয়ন ও উহার বাস্তবায়ন তদারকি করা;

(খ) স্যানিটেশন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা সম্পর্কিত অবকাঠামো উন্নয়ন;

(গ) স্যানিটেশন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার সামগ্রিক তথ্য সম্বলিত তথ্যভান্ডার তৈরি, সংরক্ষণ এবং সিদ্ধান্ত গ্রহণে ব্যবহার করা;

(ঘ) স্বাস্থ্যসম্মত উপায়ে টয়লেট ব্যবহার এবং নিয়মিত ও পরিবেশসম্মত উপায়ে পয়ঃবর্জ্য অপসারণ সেবা গ্রহন বিষয়ে হোল্ডিং ও ভবন মালিকসহ পৌর এলাকাধীন সকল নাগরিকগণের সচেতনতা বৃদ্ধিকরণ;

(ঙ) বস্তিবাসী ও নিম্ন আয়ের জনগোষ্ঠীর স্যানিটেশন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা প্রাপ্তি নিশ্চিতকরণে বাংলাদেশ পানি ও স্যানিটেশন সেক্টরের জন্য দরিদ্র সহায়ক কৌশল ২০২০-এর আলোকে বিশেষ উদ্যোগ গ্রহণ এবং সেবা প্রাপ্তির মূল্য বা ফি নির্ধারন করা।

(২) এই উপ-আইনের বিধানাবলী বাস্তবায়নের উদ্দেশ্যে পৌরসভা নিম্নবর্ণিত গাইডলাইন প্রণয়ন ও জারি করিতে পারিবে, যথা:

(ক) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার সহিত নিয়োজিত স্যানিটেশন কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা গাইডলাইন;

(খ) ভ্যাকুটাগ বা পয়ঃবর্জ্য পরিবহন যান পরিচালন গাইডলাইন;

(গ) পাবলিক টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ গাইডলাইন;

(ঘ) বস্তি বা নিম্নআয়ের জনগোষ্ঠীর জন্য স্থাপিত কমিউনিটি টয়লেটের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ গাইডলাইন;

(ঙ) এই উপ-আইনের বিধানাবলী বাস্তবায়নের উদ্দেশ্যে প্রয়োজনীয় যে কোন গাইডলাইন।

(২) পৌরসভা, সময় সময়, স্যানিটেশন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত সেবার মূল্য ও ফি আরোপ করিতে পারিবে, অথবা পরিবর্তন করিতে পারিবে, যথা:

(ক) সেবা পাইবার জন্য আবেদনপত্রের মূল্য;

(খ) অনসাইট স্যানিটেশন ব্যবস্থা হইতে পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন ফি;

(গ) পয়ঃবর্জ্য পরিশোধনাগারে সংগৃহীত পয়ঃবর্জ্য অপসারণ ফি;

(ঘ) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবায় নিয়োজিত অপারেটরদের লাইসেন্স প্রদান ও নবায়ন ফি;

(ঙ) পাবলিক টয়লেট সেবা ব্যবহার ফি;

(চ) এই উপ-আইনের বিধানাবলী বাস্তবায়নের প্রয়োজনে প্রদানকৃত যেকোন সেবার মূল্য বা ফি।

**৩০। মাষ্টারপ্ল্যান ও কর্ম পরিকল্পনা।**–(১) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা বাস্তবায়নের জন্য পৌরসভা উহার মাস্টার প্ল্যানে পরিশোধনাগারসহ প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের বিষয়টিকে অন্তর্ভুক্ত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) পৌরসভা পৌর এলাকার সকল বস্তিবাসী ও দরিদ্র জনগণের জন্য একটি স্যানিটেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৩) পৌরসভা পৌর এলাকার সকল জনসমাগম স্থল চিহ্নিতপূর্বক সেই সকল স্থানে প্রয়োজনীয় সংখ্যক পবিলিক টয়লেট নির্মানের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**৩১। জন সচেতনতা বৃদ্ধি।**-(১) পৌরসভা এবং, ক্ষেত্রমত, পয়ঃবর্জ্য সংগ্রহ, অপসারণ, পরিবহন কার্যে নিয়োজিত অপারেটর, অনসাইট স্যানিটেশন ব্যবস্থা, নিরাপদ ও নিয়মিত পয়ঃবর্জ্য সংগ্রহ ও অপসারণ, নিরাপদ পরিবহন এবং পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে উহা নিষ্কাশনসহ স্যানিটেশন সংক্রান্ত সামগ্রিক বিষয়ে জনসাধারণের সচেতনতা বৃদ্ধির ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবে।

(২) জন সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর বিধিবিধান লঙ্ঘন শাস্তিযোগ্য অপরাধ বলিয়া বিবেচিত হইবে বলিয়া উল্লেখপূর্বক পৌরসভা সংশ্লিষ্ট স্থাপনার দৃশ্যমান জায়গায় নোটিশ/ সতর্কতামূলক নির্দেশনা প্রদর্শন করিতে পারিবে।

(৩) সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে, পৌরসভা সরকারি, বেসরকারি, শিক্ষা, সামাজিক, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, সুশীল সমাজের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট অংশীজনের সহায়তা গ্রহণ করিতে পারিবে।

**৩২। প্রশাসন ও বাস্তবায়ন।**-(১) এই উপ-আইনের বিধানাবলী বাস্তবায়নের দায়িত্ব পৌরসভার মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা বা পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী, সচিব বা পৌরসভার জ্যেষ্ঠ কর্মকর্তার উপর ন্যস্ত থাকিবে।

**৩৩। পরিদর্শনের বিশেষ ক্ষমতা।**-এই উপ-আইনের সুষ্ঠু বাস্তবায়নের উদ্দেশ্যে, পৌরসভা বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা পৌরসভার এলাকাধীন বাড়ি বা ভবন ও উহাদের আঙ্গিনা বা প্রাঙ্গন, ভ্যাকুটাগ পয়ঃবর্জ্য পরিবহন যান ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা পরিচালনার সুবিধাদি পৌরসভা কর্তৃক প্রণীত চেকলিষ্ট অবলম্বনে পরিদর্শন ও পরীক্ষা করিতে পারিবে।

**৩৪। শাস্তি।**– যদি কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তি অথবা তাহাদের পক্ষে নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এই উপ-আইনের কোনো বিধান লংঘন করেন, তাহা হইলে উক্ত লংঘন হইবে একটি অপরাধ এবং তদ্‌জন্য তিনি স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন)-এর ধারা ১০৯ এর বিধানানুযায়ী দন্ডিত হইবেন।

## তফসিল-১

### ফরম ১ক

(উপ-আইনের ২৭ (ক) দ্রষ্টব্য)

সেপটিক ট্যাংক/ পিট পরিষ্কারের জন্য পৌরসভার আবেদন ফরম।

--------- পৌরসভা কার্যালয় | মূল্য : ২০/-

আবেদন পত্র নং-

বরাবর,

মেয়র

জেলা:

বিষয়: সেপটিক ট্যাংক/ পিট পরিষ্কারের জন্য আবেদন।

জনাব,

নিবেদন এই যে, আপনার পৌর এলাকায় আমার/আমার প্রতিষ্ঠানের একটি/একাধিক ভবন অবস্থিত। উক্ত ভবনের সেপটিক/পিট-এ জমাকৃত পয়ঃবর্জ্য খালি করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত তথ্য নিম্নরূপ:

নাম/ প্রতিষ্ঠানের নাম : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

হোল্ডিং নম্বর : ... ... ... ... ... ... ... ... ... ... রোড : ... ... ... ... ...

পাড়া/এলাকা : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ওয়ার্ড নম্বর : ... ... ... ... ... ... ...

ফোন : ... ... ... ... ... ... ... মোবাইল নম্বর : ... ... ... ... ... ... ... ... ... ...

বিল্ডিং ব্যবহারের ধরন : ১. আবাসিক ২. বাণিজ্যিক ৩. শিল্প ৪. অফিস ৫. শিক্ষা ৬. ধর্মীয়

যেটি পরিষ্কার করাতে চাই : ☐ সেপটিক ট্রাংক ☐ পিট

| **সেপটিক ট্যাংকের বিবরণ** | **পিটের বিবরণ** |
| --- | --- |
| দৈর্ঘ্য : ... ... ... ফুট | পিটের সংখ্যা : ...... পিটের ব্যাস : .................. ফুট |
| প্রস্থ : ... ... ... ফুট | |
| গভীরতা : ... ... ... ফুট | গভীরতা : ....................... ফুট বা প্রতি পিটে রিংয়ের সংখ্যা ... ... ... ... ... টি |

সেপটিক ট্যাংক বা পিটটি নিয়মিত কতজন ব্যবহার করে : ............................. জন

ইতোপূর্বে কবে খালি করা হয়েছে : ............................ তারিখ ........... মাস ........... বছর। ☐ মনে নাই/জানি না।

তারিখ : .......................

আবেদনকারীর স্বাক্ষর

**ফরম ১খ**

(উপ-আইনের ২৭ (ক) দ্রষ্টব্য)

সেপটিক ট্যাংক/পিট এ্যাসেসমেন্ট ফর্ম

------- পৌরসভা, -------

আবেদন পত্র নং : ... ... ... ... ...

আবেদনকারীর নাম : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

হোল্ডিং নম্বর : ... ... ... ... ... ... ... ... ... ... রোড : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

ওয়ার্ড নম্বর : ... ... ... ... ... ... ... মোবাইল নম্বর : ... ... ... ... ... ... ... ... ... ... ...

টাইপ : ☐ সেপটিক ট্যাংক ☐ পিট

কোন ধরনের ভ্যাকুটাগ প্রবেশযোগ্য : ... ... ... ... ... ... ... ... ... লিঃ ☐ ভ্যাকুটাগ প্রবেশযোগ নয়।

রাস্তা থেকে সেপটিক ট্যাংক/ পিট এর দূরত্ব : ............ ফুট

| **সেপটিক ট্যাংকের বিবরণ** | | **পিটের বিবরণ** |
|---|---|---|
| দৈর্ঘ্য | : ... ... ... ফুট | পিটের সংখ্যা : ...... |
| প্রস্থ | : ... ... ... ফুট | পিটের ব্যাস : ................. ফুট |
| গভীরতা | : ... ... ... ফুট | গভীরতা : ...................... ফুট |
| | | বা প্রতি পিটে রিং : ... ... ... ... ... টি |

মোট আয়তন : ... ... ... ... ... ... ... ... ... ঘনফুট

কতটি ট্রিপ এর প্রয়োজন হতে পারে? ... ... ... ... টি

কতটুকু খালি করতে চায় : ... ... ... ... ... ... ... ... ট্রিপ বা ... ... ... ... ... ... ... ... রিং

অগ্রিম : ... ... ... ... ... ... ... টাকা প্রদান করেছে।

---

সুপারিশ করা হল/হল না : অনুমোদন করা হল :

স্বাক্ষর স্বাক্ষর

তারিখ : ... ... ... ... ... ... তারিখ : ... ... ... ... ... ...

ফরম ১গ

**(উপ-আইনের ২৭ (ক) দ্রষ্টব্য)**

সেপটিক ট্যাংক/ পিট পরিষ্কার সেবা গ্রহণকারীর মতামত গ্রহণ ফর্ম

------- পৌরসভা, -------

আবেদন পত্র নং : ... ... ... ... ...

আবেদনকারীর নাম : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

হোল্ডিং নম্বর : ... ... ... ... ... ... ... ... ... ... ... রোড : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

পাড়া / এলাকা : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

ওয়ার্ড নম্বর : ... ... ... ... ... ... ... ফোন : ... ... ... ... ... ... ... ... ... ... ...

পরিষ্কারের তারিখ : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

কোন সাইজের ভ্যাকুটাগ ব্যবহার হয়েছে ... ... ... ... ... ... ... ... ... ... লিঃ; ☐ কোনটিই নয়

মোট কত ট্রিপ পরিষ্কার করেছে? ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ট্রিপ

সম্পূর্ণ ট্যাংক/পিট কি পরিষ্কার করেছে? হ্যাঁ ☐ না ☐

না হলে, কেন? ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

ভ্যাকুটাগ আসার পর থেকে কত সময় লেগেছে? ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ঘণ্টা

কখন পরিষ্কার করেছে? দিন/রাত ... ... ... ... ... ... ... ... ... ... ... টা থেকে ... ... ... ... ... ... ... ... ... টা পর্যন্ত

পরিষ্কার করার সময় উপযুক্ত ছিল না? হ্যাঁ ☐ না ☐

উত্তর না হলে কেন? ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

সংগৃহীত মল কোথায় ফেলেছে? ১ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ২. জানি না

রসিদের মাধ্যমে কত টাকা প্রদান করেছেন? ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... টাকা

প্রাপ্ত সেবা সম্পর্কে আপনার সার্বিক মূল্যায়ন (√ দিন):

| সম্পূর্ণ অসন্তুষ্ট | কিছুটা অসন্তুষ্ট | মোটামুটি সন্তুষ্ট | সম্পূর্ণ সন্তুষ্ট |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |

অসন্তুষ্ট হলে কারণ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

সুপারিশ (যদি থাকে) ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

সেবা গ্রহীতার স্বাক্ষর ... ... ... ... ... ... ... ... ... ... ... ... তারিখ : ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

**ফরম ১৬**

ভ্যাকুটাগ লগ বই

| লগ বই নং | তারিখ | ভ্যাকুটাগ নং | আউট টাইম | ইন টাইম | সর্বমোট কিলোমিটার | জ্বালানি খরচ | মিটার রিডিং | মেরামত খরচ | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

ফরম ২ক

**(উপ-আইনের ২৭ (খ) দ্রষ্টব্য)**

ইমারত/স্থাপনার নকশা অনুমোদন কমিটির সভায় উপস্থাপনযোগ্য নকশার মন্তব্যসহ চেকলিষ্ট :

------- পৌরসভা কার্যালয়,

------- ।

--------- পৌরসভার অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন কমিটির সভায় উপস্থাপনযোগ্য নকশার মন্তব্যসহ চেকলিষ্ট:

নকশা দাখিলকারীর নাম : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

ঠিকানা : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

পিতা/স্বামী পিতা : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

ওয়ার্ড নং : ... ... ... ... ... থানা : ... ... ... ... ... জেলা : ... ... ... ... ... ভোটার আইডি কার্ডের নম্বর : ... ... ... ... ... ...

মৌজা : ... ... ... ..., জে. এল নং : ... ... ... ... ... ... ..., খতিয়ান নং : (সি.এস/এম.আর.আর) ... ... ... ... ... ... ... ... ...

দাগ নং (পুরাতন/নতুন) : ... ... ... ... ... ... ... ... ... ... ... জমির পরিমাণ : ... ... ... ... ... ... ... ... ... ... ... একর।

ডকেট নং ও তারিখ : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

অনুসরণীয় বিষয়সমূহ : দাখিলকৃত নকশার প্রাপ্ত বিবরণ

| ক্রমিক নং | বিবরণ | আছে | নাই | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ইমারত নির্মাণ বিধিমালা ১৯৯৬ এর তফসিল-১ এ নির্ধারিত ফরমে আবেদন (পৌরসভা হতে ইস্যুকৃত) | | | |
| ২। | আবেদনের সঙ্গে সংযুক্ত দলিলাদি | | | |
| | (ক) BNBC (Bangladesh National Building Code) অনুযায়ী | | | |
| | (১) কি প্ল্যান (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| | (২) সাইট প্ল্যান | | | |
| | (৩) বিল্ডিং প্ল্যান | | | |
| | (৪) সার্ভিস প্ল্যান | | | |
| | (৫) স্পেসিফিকেশন | | | |
| | (৬) নির্মাণ তদারকি কাজে নিয়োজিত প্রকৌশলীর সম্মতিপত্র | | | |
| | (খ) সাত ফর্দ নকশা | | | |
| | (গ) জমির মালিকানা প্রমাণের জন্য | | | |
| | (১) দলিল (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| | (২) ডি সি আর খারিজ খতিয়ান | | | |
| | (৩) পর্চা | | | |
| | (৪) হাল সনের ভূমি উন্নয়ন কর পরিশোধ এর প্রমান পত্র | | | |
| | (৫) হাল সনের পৌরসভার হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদ | | | |
| | (ঘ) যোগ্যতা সম্পন্ন প্রকৌশলী কর্তৃক Soil Test Report | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৬) প্রযোজ্য ক্ষেত্রে ভূমি ব্যবহার ছাড়পত্র | | | |
| **ক্রমিক নং** | **বিবরণ** | **আছে** | **নাই** | **মন্তব্য** |
| ৩। | ভবন নির্মাতা কর্তৃক নিয়োজিত প্ল্যান প্রণয়ন ও সুপারভিশন প্রকৌশলী এবং নির্মাতা সুপারভিশন এর ও নির্মাণ এর দায়-দায়িত্বের (সকল প্রকার) অঙ্গীকারনামা | | | |
| ৪। | (ক) নকশা প্রণয়নকারীর কারিগরি যোগ্যতা | | | |
| | (খ) নকশা প্রণেতার স্বাক্ষর | | | |
| | (গ) পেশাজীবি সংগঠন কর্তৃক প্রদত্ত পরিচিতি নম্বর | | | |
| | (ঘ) পৌরসভার ট্রেড লাইসেন্স নম্বর ও ছায়ালিপি | | | |
| | (ঙ) নকশা প্রণয়নকারীর যোগাযোগের ঠিকানা | | | |
| | (চ) নকশা প্রণয়নকারীর প্রতিষ্ঠান এর মালিকের স্বাক্ষর | | | |
| | (ছ) নকশা প্রণয়নকারীর NID ছায়ালিপি | | | |
| ৫। | ভবনের মালিক/ডেভেলপার Architectural, Structural Electrical. Plumbing & Fire Fighting নকশা বিশেষজ্ঞ স্থপতি, প্রকৌশলী অথবা পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদনের মাধ্যমে কমিটিতে উপস্থাপনের নিমিত্তে কমিটির সভাপতি/সদস্য-সচিব বরাবর দাখিল করবেন। কমিটি এতদ সংশ্লিষ্ট বিশেষজ্ঞ স্থপতি, প্রকৌশলী অথবা পরামর্শক প্রতিষ্ঠানের স্বাক্ষর ও প্রত্যয়ন যাচাই করবে। | | | |
| ৬। | নিম্নোক্ত বিষয়সমূহের সুস্পষ্ট উল্লেখ ভবন মালিক ও সুপারভিশন ইঞ্জিনিয়ার যৌথ অঙ্গীকার নামা দাখিল করবেন। | | | |
| | (ক) ভবন নির্মাণ অনুমতি পত্র প্রাপ্তির পর ভবনের লে-আউট প্রদানের সময় ভবনের মালিক সুপারভিশন ইঞ্জিনিয়ার এর উপস্থিত থাকা নিশ্চিত করবেন। | | | |
| | (খ) প্লিন্থ লেভেল পর্যন্ত নির্মাণের পর সুপারভিশন ইঞ্জিনিয়ার এবং ভবনের মালিকের যৌথ স্বাক্ষরে নির্ধারিত ফরমে একটি প্রতিবেদন কমিটি বরাবর প্রেরণ করবেন। | | | |
| | (গ) প্রতিটি ফ্লোরের ছাদ ঢালাই করার পর মালিক ও সুপারভিশন ইঞ্জিনিয়ার এর যৌথ স্বাক্ষর একটি করে কার্য সম্পাদন প্রতিবেদন কমিটি বরাবর প্রেরণ করবেন। | | | |
| | (ঘ) নির্মাণ চলাকালীন পার্শ্ববর্তী ভবন, অবকাঠামো এবং জনগণের কোনো প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এ ছাড়াও রাস্তা, ড্রেন এবং ফুটপাতের উপর কোনো নির্মাণ সামগ্রী রাখা যাবে না। | | | |
| | (ঙ) ইমারত আংশিক বা সম্পূর্ণ নির্মাণ হবার পর বসবাস বা ব্যবহারের পূর্বে বসবাস বা ব্যবহার সনদপত্রের জন্য নির্ধারিত ফরমে আবেদনের অঙ্গীকার এবং নিম্নলিখিত দলিল এবং নকশাদি পৌরসভায় দাখিলের নিশ্চয়তা প্রদান। | | | |
| | (১) সুপারভিশন প্রকৌশলী কর্তৃক কার্য সমাপ্ত প্রতিবেদন | | | |
| | (২) কমিটি কর্তৃক অনুমোদিত স্থাপত্য নকশার ভিত্তিতে নির্মিত ইমারতের নকশা | | | |
| | (৩) ইমারত সেবা সংক্রান্ত সকল নকশা এবং | | | |
| | (৪) ইমারত সংক্রান্ত Test Report যেমন Cylinder Test Report এবং MS Rod Test Report সহ প্রতিবেদন উল্লেখিত নকশার অপর্যাপ্ত তা উপযুক্ততার দায়ভার সংশ্লিষ্ট পেশাজীবিদের (স্থপতি ও প্রকৌশলীর) উপর বর্তাবে। | | | |
| | (চ) ভবনটি পৌরসভা কর্তৃক পরিদর্শন শেষে অনুমতির পূর্বে ব্যবহারযোগ্য হবে না। | | | |
| | (ছ) যে উদ্দেশ্যে ভবন নির্মাণের অনুমতি প্রদান করা হয়েছে সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ভবন ব্যবহৃত হবে না। | | | |

ফরম ২খ

**(উপ-আইনের ২৭ (খ) দ্রষ্টব্য)**

**প্ল্যান ফরম**

------- পৌরসভা কার্যালয়:
প্ল্যান ফরম:

Building Construction Act 1952 (E B.Act II of 1953) এর Section 3 এবং 3c এর অধীন ১৯৭৭ সালের পৌরসভা অধ্যাদেশের বিধি মোতাবেক ইমারত নির্মাণ, পুনঃ নির্মাণ/সীমানা দেওয়াল এর অনুমোদনের জন্য আবেদনপত্রের ফরম

ক্রমিক নং- তারিখ- মানি রিসিট নং- টাকার পরিমাণ-

১। আবেদনকারী/আবেদনকারীগণের পূর্ণ নাম : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

২। পিতা/স্বামীর নাম : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

৩। আবেদনকারী/আবেদনকারীগলের পূর্ণ ঠিকানা : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

(ক) বর্তমান/ডাক যোগাযোগের ঠিকানা : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ফোন/মোবা ... ... ... ... ... ... ... ...

(খ) স্থায়ী ঠিকানা : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

৪। যে দাগের জমিতে ইমারত নির্মাণ করা হইবে উহার বিবরণ:-

(ক) পৌরসভার/গ্রাম/মহল্লা/উন্নয়নকৃত এলাকার নাম : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

(খ) মৌজার নাম/ব্লক নং/সেক্টর নং : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

(গ) ওয়ার্ড নং : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... পৌরসভার হোল্ডিং না : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

(ঘ) রাস্তার নাম : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

(ঙ) দাগে আবেদনকারী/আবেদনকারীগণের অংশের পরিমাণ : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

(চ) আবেদনকারী/আবেদনকারীগণ কি সূত্রে সাইটের জমি অর্জন করিয়াছেন : (মালিকানার প্রমাণপত্র দাখিল করিতে হইবে) : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

(ছ) জমি সংক্রান্ত কোনরূপ মোকদ্দমা আছে কিনা? হ্যাঁ ☐ না ☐

৫। সাইটের বিবরণ-

(ক) সাইটের আয়তন (ক্ষেত্রফল):

(খ) সাইটের চৌহদ্দী (বাস্তব পরিমাণ):

উত্তরে : ... ... ... ... ফুট/মিটার ... ... ... ... ইঞ্চি/সে.মি., দক্ষিণে : ... ... ... ... ফুট/মিটার ... ... ... ... ইঞ্চি/সে.মি.

পূর্বে : ... ... ... ... ফুট/মিটার ... ... ... ... ইঞ্চি/সে.মি., পশ্চিমে : ... ... ... ... ফুট/মিটার ... ... ... ... ইঞ্চি/সে.মি.,

(গ) ইমারত দ্বারা সাইটের যে পরিমাণ স্থান আচ্ছাদিত হইতে তাহার বিশদ বিবরণ-

১ম তলা : ... ... ... ... ... বর্গফুট/বর্গমিটার। ২য় তলা : ... ... ... ... ... বর্গফুট/বর্গমিটার

৩য় তলা : ... ... ... ... ... বর্গফুট/বর্গমিটার। অন্যান্য তলা : ... ... ... ... ... বর্গফুট/বর্গমিটার।

৬। সাইটে পূর্ব নির্মিত কাঁচা/পাকা ইমারতের (যদি থাকে) বিবরণ-

(ক) পূর্ব নির্মিত ইমারতের সংখ্যা ও তদ্বারা বেষ্টিত স্থানের পরিমাণ : ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

(খ) প্রস্তাবিত ইমারত অনুমোদিত হইলে পূর্ণ নির্মিত ইমারতের কোনো অংশ ভাংগিতে হইবে কিনা এবং হইলে তদ্বারা বেষ্টিত স্থানের পরিমাণ :

৭। এলাকার বিভিন্ন সেবা-সুযোগের বিবরণ-

(ক) পানি সরবরাহ লাইন আছে কিনা : হ্যাঁ ☐ না ☐

(খ) গ্যাস সরবরাহ লাইন আছে কিনা : হ্যাঁ ☐ না ☐

(গ) পয়ঃনিষ্কাশন লাইন আছে কিনা : হ্যাঁ ☐ না ☐

(ঘ) প্রস্তাবিত ইমারতের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকওয়েলের ব্যবস্থা আছে কিনা : হ্যাঁ ☐ না ☐

বি. দ্র.- (১) এলাকার নকশায় (সাইট প্ল্যানে) চিহ্নিত স্থানে, রাস্তা-ঘাট, পয়ঃপ্রণালী, ইত্যাদির জন্য কমপক্ষে ৪ ফুট জায়গা উন্মুক্ত রাখিতে হইবে এবং নির্মাণ কার্যের ভিত্তি পৌরসভার রাস্তা অথবা জনসাধারণের চলাচলের রাস্তা হইতে কমপক্ষে ৫′-০ দূরে করিতে হইবে। এলাকা উন্নয়নের জন্য অন্যান্য সরকারি সংস্থার আইন মোতাবেক ভূমি অথবা এলাকা উন্নয়ন কর দিতে হইবে।

(২) কমপক্ষে ৬ (ছয়) সিট ব্লু প্রিন্ট/এ্যামোনিয়া প্রিন্ট জমা প্রদান করিতে হইবে।

(৩) প্রস্তাবিত সেপ্টিক ট্যাংক ও সোকওয়েলের অবস্থান ও নকশা অবশ্যই দেখাইতে হইবে।

(৪) ৫ তলা বা ততোধিক ইমারতের ক্ষেত্রে রিভাইজড প্ল্যানের জন্য ইতোপূর্বের ভিত্তি অবশ্যই পরীক্ষা অন্তে ভারবহন যোগ্য কিনা তাহা নিশ্চিতকরণ সহ বি.এস.সি. ইঞ্জিনিয়ার (পূর্ত) কর্তৃক সার্টিফিকেট গ্রহণ করিতে হইবে এবং নতুন ও ৫ তলা ও ততোধিক তলার ক্ষেত্রে বি.এস.সি. ইঞ্জিনিয়ার (পূর্ত) কর্তৃক সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে।

(৫) ৫ তলা বা ততোধিক ইমারতের ক্ষেত্রে সয়েল টেষ্ট রিপোর্ট সহ বি.এস.সি. ইঞ্জিনিয়ার (পূর্ত) কর্তৃক ডিজাইন সার্টিফিকেট সংযুক্ত করিয়া দাখিল করিতে হইবে।

আমি ......................................................................... ইমারত নির্মাণ/পুকুর খনন এর অনুমোদনের জন্য প্রয়োজনীয় নকশার ...................................... ফর্দ এতদসংগে সংযুক্ত করতঃ ঘোষণা করিতেছি যে, সংযুক্ত নকশা ইমারত নির্মাণ নীতিমালা ১৯৯৬ মোতাবেক প্রণীত এবং এই আবেদন পত্রে বর্ণিত তথ্য ও সংযুক্ত নকশার সমস্ত বিবরণ সত্য। এতদসহ আরও অঙ্গীকার করিতেছি যে, স্ট্রাকচারাল ডিজাইন এর ত্রুটির জন্য আমি ব্যক্তিগতভাবে দায়ী থাকিব এবং নকশা বহির্ভূত কোনো নির্মাণ কার্য করিব না। বিধায় উক্ত নকশা অনুমোদনে নির্মাণ কার্য আরম্ভ করিবার অনুমতি প্রদানের জন্য আবেদন করিতেছি।

আদেনকারী/আবেদনকারীনির স্বাক্ষর

তারিখ ............................

সংযুক্ত কাগজপত্রের বিবরণ:

১।
২।
৩।
৪।
৫।

ফরম ২গ

**(উপ-আইনের ২৭ (খ) দ্রষ্টব্য)**

দাখিলকৃত প্রস্তাবিত প্রাচীর/ইমারত নির্মাণ/অনুমোদন/নবায়ন পত্র

মেয়রের কার্যালয়

------- পৌরসভা

স্মারক: তারিখঃ ............................

বরাবরঃ

..............................................................

..............................................................

..............................................................

বিষয় : আপনার দাখিলকৃত প্রস্তাবিত প্রাচীর ইমারত নির্মাণ/নবায়ন এর জন্য আবেদন।

আপনার ...................................... খ্রিঃ তারিখে দাখিলকৃত নীল নকশায় দেয় ............................................... নং হোল্ডিংটির মালিক হিসেবে আপনার নাম পৌর নথিভুক্ত আছে। উক্ত হোল্ডিংটির উপর প্রস্তাবিত প্রাচীর/ইমারত নির্মাণ/পুনঃনির্মাণ/নবায়ন এর জন্য যে নীল নকশা দাখিল করিয়াছেন তাহা নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে অনুমোদন/নবায়ন করা হইল।

১) প্রস্তাবিত ইমারতের সংজ্ঞা পরিকল্পনা (লে-আউট) দেয়ার দিন তারিখ ও সময়ে অন্তত ৭ (সাত) দিন পূর্বে পৌরসভাকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

২) পৌরসভার নির্বাহী প্রকৌশলী বা তাহার প্রতিনিধির উপস্থিতিতে অনুমোদিত পরিকল্পনা (লে-আউট) শুরু করিতে হইবে।

৩) অনুমোদিত নীল নকশা অনুযায়ী, ইমারত/প্রাচীর নির্মাণ না হইলে পৌর কর্তৃপক্ষ প্রচলিত অধ্যাদেশ নিয়ম বিধি ও উপবিধি মোতাবেক নকশার অনুমোদন প্রত্যাহার ও সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন। এই উদ্দেশ্যে নির্মাণ কাজ স্থগিত করা সহ অবৈধ নির্মাণ ভাঙ্গিয়া নেয়ার ক্ষমতা পৌরসভা সংরক্ষণ করেন।

৪) প্রতিটি ফ্লোরের ছাদ ঢালাইয়ের পর মালিক ও সুপারভিশন ইঞ্জিনিয়ারের যৌথ স্বাক্ষরে একটি করে কার্য সম্পাদন প্রতিবেদন পৌরসভায় দাখিল করিতে হইবে।

৫) নির্মাণ চলাকালীন পার্শ্ববর্তী ভবন, অবকাঠামো এবং জনগণের কোনো প্রকার ক্ষতি সাধন করা যাইবে না।

৬) সরেজমিনে উপস্থিত প্রকৌশলীর লিখিত নির্দেশ অনুযায়ী প্রস্তাবিত ইমারত প্রাচীর নির্মাণ/পুনঃনির্মাণ নবায়ন/অনুমোদনের তারিখ হইতে ............................ ইং তারিখের মধ্যে নির্মাণ কার্য সমাপ্ত করিতে হইবে। যথা সময়ের মধ্যে নির্মাণ কার্য সমাপ্ত না হইলে নবায়ন ফি জমা প্রদান করিয়া অসমাপ্ত কাজের জন্য পুনরায় অতিরিক্ত সময় কালের জন্য নকশা নবায়ন করিতে হইবে এবং নবায়নের ক্ষেত্রেও নির্দিষ্ট সময়ের মধ্যে নির্মাণ করিতে হইবে।

৭) নির্মাণ কাজ করার সময় পৌর বিধি মোতাবেক জায়গা বাদ দিয়া নির্মাণ কাজ করিতে হইবে।

৮) অনুমোদিত সময় সীমার মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করিয়া পৌরসভাকে লিখিতভাবে অবশ্যই অবহিত করিতে হইবে।

৯) ................................ ইং তারিখ পর্যন্ত নকশা নবায়ন করা হইল।